

**বিষয়: গণকর্মচারীগণের বাধ্যতামূলকভাবে আয়কর রিটার্ন দাখিল।**

সূত্র: কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল বরিশাল-এর ০৯ এপ্রিল ২০২৫ তারিখের করবরি/রিটার্ন  
দাখিল/২০২৪-২০২৫/৬৮৮ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আয়কর আইন, ২০২৩-এর মাধ্যমে সকল গণকর্মচারীর (২০তম গ্রেড থেকে শুরু করে সকল গ্রেড) জন্য আয়কর রিটার্ন (পরিসম্পদ ও দায়ের বিবরণীসহ) দাখিল বাধ্যতামূলক করা হয়েছে এবং উক্ত আইনের ২৬৪ ধারা অনুযায়ী বেতন-ভাতাদি পাওয়ার জন্য প্রত্যেক গণকর্মচারীকে আয়কর রিটার্ন দাখিলের প্রমাণক দাখিলের বিধান রয়েছে (সংযুক্তি ক.pdf সদয় দ্রষ্টব্য)। তদানুযায়ী, গণকর্মচারী যারা পূর্বে কখনো আয়কর রিটার্ন দাখিল করেননি তারা জরিমানা ব্যতীত ৩০ জুন ২০২৫ তারিখ পর্যন্ত ২০২৪-২০২৫ কর বছরের আয়কর রিটার্ন দাখিল করতে পারবেন। জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর বিভাগের eReturn (ই-রিটার্ন) সিস্টেম (ই-রিটার্ন সিস্টেমের লিংক: <https://etaxnbr.gov.bd>) ব্যবহার করে অনলাইনে ঘরে বসেই যে কোন সময় (২৪ x ৭) খুব সহজে আয়কর রিটার্ন দাখিল করা যায়।

২। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ের আলোকে তাঁর নিয়ন্ত্রণাধীন যে সকল কর্মচারী অদ্যাবধি আয়কর রিটার্ন দাখিল করেনি তাদের আয়কর রিটার্ন ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে দাখিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সংযুক্তি ক

০৩-০৫-২০২৫

মাসুমা আক্তার

সিনিয়র সহকারী কমিশনার

০২৪ ৭৮৮৬৪২১৯ (ফোন)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল।
- ২। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), বরিশাল।
- ৩। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), বরিশাল।
- ৪। সিনিয়র সহকারী কমিশনার, হিসাব শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।
- ৫। সিনিয়র সহকারী কমিশনার, রাজস্ব শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।
- ৬। সিনিয়র সহকারী কমিশনার, লাইব্রেরি ও রেকর্ডরুম শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।
- ৭। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, বরিশাল (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সহকারী কমিশনার, সংস্থাপন শাখা-১, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।
- ৯। সহকারী কমিশনার, সাধারণ শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।
- ১০। সহকারী কমিশনার, নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল (এ কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১১। সহকারী কমিশনার, বিভাগীয় নির্বাচনী বোর্ড শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।
- ১২। সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল (এ কার্যালয়ের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১৩। সহকারী কমিশনার, ফ্রন্টডেস্ক শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।

ইউ ও নোট নম্বর: ০৫.১০.০০০০.০০০.০০২.৪২.০০০১.২৪.৩৯

২০ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ  
তারিখ: ০৩ মে ২০২৫ খ্রিস্টাব্দ

